

## **া** লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

## ১১৬. একটু খানি ভেবে দেখুন

আল্লাহ ছাড়া অন্য কোনো উপাস্য নেই। এর অর্থ মহান আল্লাহ ছাড়া কেউ উপাস্য হওয়ার সত্যিকার যোগ্য নয় বা উপাস্য হওয়ার অধিকার কারো নেই। কেননা, তিনি একাই সেসব পরম গুণের অধিকারী যেগুলো সর্বশক্তিমান, ঐশী ও প্রভুত্বের সাথে সম্পর্কযুক্ত।

এই তাওহীদি কালেমার রহস্য বা মাহাত্ম্য হলো ভালোবাসা, ভয়, আশা, শ্রদ্ধা এবং মাহাত্ম্য বর্ণনা বা মহিমাকীর্তনের জন্য আল্লাহকে এককভাবে নির্দিষ্ট করে নেয়া। আল্লাহর উপর আমাদের নির্ভরতা তার নিকট আমাদের অনুশোচনাও এর অন্তর্ভুক্তি। অতএব, তাকে ছাড়া অন্যকে ভালোবাসা বিশুদ্ধ নয়। তার প্রতি আমাদের ভালোবাসার ফলেই তিনি ছাড়া অন্য সকলকে ভালোবাসা হয় অথবা তার প্রতি আমাদের ভালোবাসা বাড়ানোর উপায় হিসেবেই।

সুতরাং, আমাদেরকে অবশ্যই একমাত্র তাকেই ভয় করতে হবে, আমাদেরকে অবশ্যই একমাত্র তার উপরেই তাওাকুল করতে হবে, একমাত্র তার মাঝেই আমরা আশা করি এবং একমাত্র তাকেই আমরা শ্রদ্ধা করি। একমাত্র তার নামেই আমরা শপথ করি; একমাত্র তার নিকটেই আমরা তওবা করি এবং সব আনুগত্যই তার জন্য। সংকটের সময় আমরা তাকে ছাড়া অন্যকে ডাকতে পারি না এবং তার দরবার ছাড়া অন্যের নিকট আমরা আশ্রয় ভিক্ষা চাইতে পারি না। আরও (বলছি) একমাত্র তাকেই আমরা সেজদা করি বা একমাত্র তার নিকটেই আমরা মাথা নত করি এবং যখন আমরা কোনো পশু জবেহ করি তখন শুধুমাত্র তার নাম নিয়েই আমরা এটা জবেহ করি।

উপরের সব কথা এক কথায় বলা যায়- আল্লাহ ছাড়া অন্য কারো উপাস্য হওয়ার অধিকার নেই। এ কালেমা সব ধরনের ইবাদতের অর্থবহ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7625

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন